

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
ইস্কাটন, রমনা, ঢাকা।  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

**বিষয়: বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রবাসগামী কর্মীদের (Membership) মেম্বারশীপ প্রদান সংক্রান্ত নির্দেশিকা।**

বাংলাদেশী নাগরিকগণ বিভিন্ন পেশায় মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে অক্লান্ত পরিশ্রম করে বাংলাদেশে রেমিটেন্স প্রেরণ করে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। বিএমইটির বহির্গমন ছাড়পত্র অথবা কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণকারী প্রবাসীকর্মীগণ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রদত্ত সুবিধাসমূহের আওতাভুক্ত হন। যে সকল প্রবাসীকর্মী বিএমইটির বহির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশে গমন করেননি তারা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস হতে নির্ধারিত ফি জমাদান পূর্বক কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করার সুযোগ পান। বাংলাদেশ দূতাবাস হতে প্রবাসী কর্মীদের কর্মস্থল দূরবর্তী হওয়ায় অনেকের পক্ষে মেম্বারশীপ গ্রহণ করা সম্ভবপর হয় না।

এমতাবস্থায়, বহির্গমন ছাড়পত্র ব্যতিত অভিবাসী কর্মী/জনগোষ্ঠীকে ডাটাবেজে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় ১২ জুন ২০২৫ তারিখে প্রবাসী কল্যাণ ডেস্ক পরিদর্শনকালে বিমানবন্দর হতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে গত ২৬ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৩৩৫তম সভায় অভিবাসী কর্মী/জনগোষ্ঠীকে ইমিগ্রেশন কার্যক্রম সম্পন্ন করার পর বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে সরকার কর্তৃক নির্ধারিত ফি গ্রহণপূর্বক প্রবাসগামী কর্মী/জনগোষ্ঠীকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এলক্ষ্যে প্রবাসগামী কর্মীদের (Membership) মেম্বারশীপ প্রদান সংক্রান্ত নির্দেশিকা নিম্নরূপভাবে প্রণয়ন করা হলোঃ

**১। যারা মেম্বারশীপ গ্রহণ করতে পারবেন:**

- ক) প্রবাসগামী কর্মীকে বাংলাদেশী পাসপোর্টধারী হতে হবে;
- খ) ওয়ার্ক ভিসায় ছুটিতে এসে পুনরায় সংশ্লিষ্ট দেশে গমনকারী প্রবাসগামী কর্মী; এবং
- গ) যে কোন ভিসায় ন্যূনতম ৩ (তিন) বছর বৈধভাবে কোন দেশে অবস্থান করে পুনরায় সংশ্লিষ্ট দেশে গমনকারী প্রবাসগামী কর্মী।

**২। প্রয়োজনীয় কাগজপত্র:**

- ক) ইমিগ্রেশন পরবর্তী Departure সীলমোহরযুক্ত পাসপোর্টের কপি;
- খ) ছুটি/রি-এন্ট্রি ভিসা/ওয়ার্ক পারমিট/রেসিডেনসিয়াল কার্ড/আকামা/সিভিল কার্ড/সৌজন্য কার্ড ইত্যাদি কপি; এবং
- গ) নির্ধারিত ব্যাংক হিসাবে কল্যাণ ফি ও বীমা প্রিমিয়ামের অর্থ প্রদানের প্রমাণপত্র।


**৩। কল্যাণ ফি ও বীমা প্রিমিয়ামের পরিমাণ:**

- ক) সরকার কর্তৃক নির্ধারিত কল্যাণ ফি ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) এবং বীমা প্রিমিয়াম বাবদ ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা; এবং
- খ) 'নির্ধারিত ফি' নগদ/বিকাশ/পে-অর্ডার অথবা Sonali Payment Gateway এর মাধ্যমে "WAGE EARNERS KALLAN BOARD" শিরোনামে সোনালী ব্যাংক পিএলসি, হোটেল ইন্টারকন্টিনেন্টাল কর্পোরেট শাখা, ঢাকার হিসাব নম্বর: ৪৪২৫৫০২০০০৮৩৮- এ জমা প্রদান করতে হবে।

**৪। মেম্বারশীপ কার্যক্রম:**

- ক) বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক (ইমিগ্রেশনের পর প্রবাসী লাউঞ্জ সংলগ্ন) হতে সফটওয়্যারে প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রিতে সহায়তা করা হবে।
- খ) সকল কার্যক্রম শেষে প্রবাসী কল্যাণ ডেস্কের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সহকারী পরিচালক মেম্বারশীপ অনুমোদন করবেন।

**৫। নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।**

  
(ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ডুইয়া)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ০২-৪৮৩১৮২০৪ (অফিস)  
ই-মেইল: [dg@wewb.gov.bd](mailto:dg@wewb.gov.bd)